



যে বিষয়গুলো পরিবর্তন হয়েছে
- আধুনিক যোগাযোগ ব্যবস্থা
- নারীর জন্য উন্নত স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগ
- মেয়েদের শিক্ষার জন্য সুযোগ সুবিধা বৃদ্ধি
- অনেক রাস্তাঘাট
- ইটের বাড়ি

যে বিষয়গুলো পরিবর্তন হয়নি
- নারীরা এখনও পুরুষদের চেয়ে কম খাবার খায়
- অল্পবয়সী মেয়েদের বিয়ে হচ্ছে
- ঘরের কাজে নারীরা পুরুষদের সহযোগিতা পায় না
- নারীরা কর্মক্ষেত্রে যৌন হয়রানির শিকার হয়
- পুরুষরা মেয়েদের চেয়ে বেশি সময় ও টাকা ব্যয় করে

আমাদের জীবনে কিছু ক্ষেত্রে পরিবর্তন আনা সহজ। সমাজে যে পরিবর্তনগুলো চোখে পড়ে বেশিরভাগই তা কাঠামোগত পরিবর্তন। যেমন– নতুন পাকা রাস্তা, ইটের বাড়ি, ইন্টারনেট সুবিধা। যে পরিবর্তনগুলো চোখে পড়ে না তা হলো– এখনো নারীরা পুরুষদের তুলনায় খুব কম খাবার পায়, কর্মক্ষেত্রে নারীরা নানা রকম যৌন হয়রানির শিকার হয়, এমনকি আশা করা হয় যে গৃহস্থালির যাবতীয় কাজ নারীরা করবে। নারীদের এই অধস্তন অবস্থান বৃহত্তর সামাজিক সমস্যার সাথে যুক্ত এবং তার সাথে জড়িত রয়েছে ব্যক্তিগত আচরণ, দৃষ্টিভঙ্গি, বিশ্বাস এবং অভ্যাস।

কাঠামোগত পরিবর্তনের পাশাপাশি সামাজিক আচার আচরণ, বিশ্বাস, দৃষ্টিভঙ্গির পরিবর্তন প্রয়োজন এবং এই পরিবর্তন সমাজের জন্য অত্যন্ত জরুরি। একদিনে সব কিছু বদলে যাবে না কিন্তু ছোট ছোট উদ্যোগের কারণেই একটি বড় পরিবর্তন ঘটবে। তবে সমাজের যে অংশ জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে চায় তাদের নেতৃত্বেই সমাজ এগিয়ে যায়।

ইতিবাচক পরিবর্তনের জন্য চেঞ্জমেকার নিজের সামর্থ্য বা সক্ষমতার উপর বিশ্বাস রাখেন।

“একজন চেঞ্জমেকার হিসেবে আমি বিশ্বাস করি, পরিবর্তন প্রয়োজন এবং পরিবর্তন সম্ভব”

এই প্রকাশনাটি দক্ষিণ এশিয়া'র আমরাই পারি ক্যাম্পেইন-এর একটি প্রকাশনার অনুলিপি

চেঞ্জমেকারদের আলোচনা কর্মপত্র

পরিবর্তনের কি কোন প্রয়োজন রয়েছে?
পরিবর্তন কি সম্ভব?

কাজসমূহ:

১. অপর পৃষ্ঠায় ১০টি ছবি রয়েছে। এ ছবিগুলোতে দেখানো হয়েছে– সমাজের ভালো এবং মন্দ কিছু রূপ।

২. কিছু ছবিতে সমাজের অবস্থা পরিবর্তন হয়নি অপর দিকে কিছু ছবিতে অবস্থার পরিবর্তন দেখানো হয়েছে। যে অবস্থাগুলোর পরিবর্তন হয়নি সেই ছবিগুলোর উপর বৃত্ত আঁকুন।

৩. ভালো করে লক্ষ্য করুন, যে ছবিগুলোর উপর আপনি বৃত্ত এঁকেছেন– সেই অবস্থাগুলোর পরিবর্তন আনা কি জরুরি? ভালো কিছু তৈরির জন্য পরিবর্তন আনা কি সম্ভব?

আমরাই পারি পারিবারিক নির্যাতন প্রতিরোধ জোট
[illegible]
[illegible]